গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।
www.bbagc.edu.bd

ই-মেইল : bbacollege@gmail.com

তারিখ: ১৭/০৯/২০২৬ খ্রি.

# একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি (শিক্ষাবর্ষ: ২০২৬-২০২৭)

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে একাদশ শ্রেণিতে চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত পদ্ধতিতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

১) ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে ভর্তি প্রক্রিয়া আগামী ২০/০৯/২০২৬ তারিখ (রবিবার) হতে ২২/০৯/২০২৬ তারিখ (মঙ্গলবার) বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত সম্পূর্ণ অনলাইনে চলবে।

২) **ভর্তি ফি এর বিবরণ:**

| ক্রমিক নং | শাখা | সর্বমোট ভর্তি ফি এর পরিমাণ (মোবাইল ব্যাংকিং চার্জ ব্যতীত) | | ভর্তি ফি পরিশোধের তারিখ |
|---|---|---|---|---|
| | | ছেলে | মেয়ে | |
| ১. | মানবিক ও ব্যবসায় শিক্ষা | ৩,০৭৪/- | ২,৮৩৪/- | ২০/০৯/২০২৬ তারিখ (রবিবার) হতে ২২/০৯/২০২৬ তারিখ (মঙ্গলবার) বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত |
| ২. | বিজ্ঞান | ৩,৩৫৯/- | ৩,১১৯/- | |

৩) **মুক্তিযোদ্ধা কোটা (FQ):** শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটায় (FQ) ভর্তির ক্ষেত্রে আগামী ২০/০৯/২০২৬ তারিখ (সকাল ১০:০০ ঘটিকায়) শিক্ষার্থীদের স্বশরীরে কলেজে উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজপত্র দাখিলপূর্বক কলেজের ভর্তি ফি জমা প্রদান করার অনুমোদন নিতে হবে। মুক্তিযোদ্ধা কোটা (FQ) সুবিধাপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে; (ক) এসএসসি'র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, (খ) মুক্তিযোদ্ধা মন্ত্রনালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার গেজেট কপি, সনদের মূল কপি ও ফটোকপি, (গ) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, (ঘ) মুক্তিযোদ্ধা জেলা কমান্ডার অথবা উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র, (ঙ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের অনলাইন কপি।

৪) **শিক্ষা কোটা (EQ):** শুধুমাত্র শিক্ষা কোটায় (EQ) ভর্তির ক্ষেত্রে আগামী ২০/০৯/২০২৬ তারিখ (সকাল ১০:০০ ঘটিকায়) শিক্ষার্থীদের স্বশরীরে কলেজে উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজপত্র দাখিলপূর্বক কলেজের ভর্তি ফি জমা প্রদান করার অনুমোদন নিতে হবে। শিক্ষা মন্ত্রনালয় ও এর অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে মহানগর, বিভাগীয় ও জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ২% কোটা সংরক্ষিত থাকবে। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী যে মহানগর/বিভাগ/জেলায় কর্মরত থাকবেন তার সন্তান সে মহানগর/বিভাগ/জেলায় ভর্তির জন্য বিবেচিত হবেন। সন্তান ভর্তির সময় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে তার দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। তবে কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৫) ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের ভর্তির ওয়েবসাইট (http://bbagc.eshiksabd.com)-এ লগইন (User ID: bbagcstudent Password: bbagcstudent) করে কলেজের ভর্তি ফরম প্রয়োজনীয় তথ্য দিয়ে পুরণ করে প্রিন্ট করে শিক্ষার্থীর নিকট সংরক্ষণ করবে। কলেজের ভর্তি ফরমে উল্লেখিত ভর্তি ফি **বিকাশ "Education Fee" বা নগদ "Bill Pay"** এর মাধ্যমে প্রদান করলে ভর্তি নিশ্চিত হবে এবং শিক্ষার্থীর প্রদত্ত মোবাইল নাম্বারে ভর্তি নিশ্চিতের SMS যাবে।

**ভর্তি প্রক্রিয়ার ধাপসমূহ :**

ধাপ ১: http://bbagc.eshiksabd.com/ ওয়েবসাইটে User Name: bbagcstudent Password: bbagcstudent দিয়ে লগইন করতে হবে।

ধাপ ২: Admission এ সিলেক্ট করতে হবে।

ধাপ ৩: Click For Admission Form এ ক্লিক করতে হবে।

ধাপ ৪: Select Level থেকে HSC এ ক্লিক করতে হবে।

ধাপ ৫: Select Department ⟹ (Humanaties/ Business Studies/ Science) ⟹ Enter Admission Roll (এসএসসি রোল) ইনপুট করে Check for Admission ক্লিক করলে একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে।

ধাপ ৬: ভর্তি ফরমে চাহিত সকল তথ্য সঠিকভাবে সরবরাহ করতে হবে এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের **(সাদা অথবা নীল ব্যাকগ্রাউন্ডে রঙ্গিন ছবি, পুর্ণ সম্মুখ থেকে তোলা, যাতে শিক্ষার্থীর দুই কান ও দুই চোখ একই সাথে দৃশ্যমান হয়)** ছবি আপলোড করতে হবে।

ধাপ ৭: সঠিকভাবে তথ্য সরবরাহের পর Save এ ক্লিক করলে পূরণকৃত ভর্তি ফরমে সকল তথ্য দেখতে পাওয়া যাবে। ভর্তি ফরমটি ডাউনলোড করতে হবে এবং ভবিষ্যতের প্রয়োজনে সংরক্ষণ করতে হবে।

ধাপ ৬ : সঠিকভাবে তথ্য সরবরাহের পর এবং **গ্রুপ ভিত্তিক বিষয় নির্বাচনের পর** Save এ ক্লিক করলে পূরণকৃত ভর্তি ফরমে সকল তথ্য দেখতে পাবে। ভর্তি ফরমটি ডাউনলোড করতে হবে এবং ভবিষ্যতের প্রয়োজনে সংরক্ষণ করতে হবে।

ধাপ ৮ : ভর্তি ফরমে উল্লিখিত টাকা Nagad বা Bkash অথবা Upay এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

**ভর্তি ফি জমাদান প্রক্রিয়া:-**

ধাপ ১: Nagad বা Bkash অথবা Upay এ Login করতে হবে।

ধাপ ২: **নগদ এর ক্ষেত্রে** Bill Pay, **বিকাশ অথবা উপায় এর ক্ষেত্রে** Education Fee **সিলেক্ট করতে হবে।**

ধাপ ৩: শিক্ষা প্রতিষ্ঠানের নাম এ Bhawal Badre Alam Govt. College **সিলেক্ট করতে হবে।**

ধাপ ৪: Enter Student ID এর স্থানে **SSC Roll** এন্ট্রি দিতে হবে।

ধাপ ৫: শিক্ষার্থীর নাম ও নির্ধারিত টাকার পরিমাণ যাচাই করে সঠিক থাকলে ব্যবহারকারীর PIN নম্বর দিয়ে Confirm করতে হবে।

কলেজ কর্তৃক নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত হয়ে (Face Recognition) ও (Biometric) রেজিস্ট্রেশন করতে হবে। উল্লেখ্য পরবর্তীতে এই (Face Recognition) ও (Biometric)-এর মাধ্যমে উপস্থিতি নিশ্চিত করা হবে।

17.9.26

**"বিষয় গুচ্ছ"**

**নিম্নলিখিত ছক অনুসারে বিষয় নির্বাচন করতে হবে।**

**আবশ্যিক বিষয় (সকল শাখার জন্য): ক) বাংলা (১০১, ১০২) খ) ইংরেজি (১০৭, ১০৮) গ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫)**

| ক্রমিক | শাখা | নৈর্বাচনিক বিষয় | ৪র্থ বিষয় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মানবিক শাখা | ১। পৌরনীতি ও সুশাসন (২৬৯, ২৭০)<br>২। যুক্তিবিদ্যা (১২১, ১২২)<br>৩। অর্থনীতি (১০৯, ১১০) | ১। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২৬৭, ২৬৮)<br>অথবা<br>২। সমাজকর্ম (২৭১, ২৭২)<br>অথবা<br>সমাজবিজ্ঞান (১১৭, ১১৮) | ১। ৪র্থ বিষয় যে কোন ০১ টি বিষয় নিতে হবে<br>**(নৈর্বাচনিক ৩টি বিষয় ব্যতীত)** |
| ২ | ব্যবসায় শিক্ষা শাখা | ১। হিসাববিজ্ঞান (২৫৩, ২৫৪)<br>২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (২৭৭, ২৭৮)<br>৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (২৮৬, ২৮৭) | ১। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (২৯২, ২৯৩)<br>অথবা<br>২। অর্থনীতি (১০৯, ১১০) | ১। ৪র্থ বিষয় যে কোন ০১ টি বিষয় নিতে হবে<br>**(নৈর্বাচনিক ৩টি বিষয় ব্যতীত)** |
| ৩ | বিজ্ঞান শাখা | ১। পদার্থবিজ্ঞান (১৭৪, ১৭৫)<br>২। রসায়নবিদ্যা (১৭৬, ১৭৭) | - | পদার্থবিজ্ঞান ও রসায়নবিদ্যা উভয় বিষয়ই বিজ্ঞান শাখার জন্য নেওয়া আবশ্যিক |
| | | ১। জীববিজ্ঞান (১৭৮, ১৭৯)<br>অথবা<br>২। গণিত (২৬৫, ২৬৬) | **জীববিজ্ঞান ও গণিত বিষয়ের মধ্যে যে কোন ১টি বিষয় নৈর্বাচনিক বিষয় হিসেবে নির্বাচন করতে হবে এবং অন্যটি ৪র্থ বিষয় হিসেবে নিতে হবে।** | |

**বিশেষ দ্রষ্টব্য: শাখা ভিত্তিক বিষয় নির্বাচন না করলে Save বাটন প্রদর্শন করবে না।**

**ভর্তি সংক্রান্ত সতর্কতা :**

- কলেজ কর্তৃক নির্ধারিত ভর্তি ফি পরিশোধ ব্যতীত ভর্তি নিশ্চয়ন (Confirm) হবে না।
- কলেজের মনোগ্রামসহ ছাত্রদের জন্য ধবধবে সাদা হাফ/ফুল হাতা শার্ট, কালো প্যান্ট, কালো বেল্ট, সাদা মোজা, কালো অক্সফোর্ড সু পরিধান করতে হবে।
- কলেজের মনোগ্রামসহ ছাত্রীদের জন্য ধবধবে সাদা সেলোয়ার কামিজ/ সাদা বোরকা, ওড়না, স্কার্ফ, সাদা মোজা, সাদা কেডস ও সাদা বেল্ট পরিধান করতে হবে।
- কলেজ মনোগ্রাম ও সোল্ডার ব্যাজ (মানবিক, ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞান শাখার জন্য ভিন্ন ভিন্ন রং এর সোল্ডার ব্যাজ) এবং কলেজ লোগো যুক্ত নির্ধারিত ব্যাগ অত্র কলেজের **পাঠ পরিকল্পনা, উন্নয়ন ও নিবিড় পরিচর্যা কমিটির অফিস** থেকে নির্ধারিত সময়সূচি অনুযায়ী সংগ্রহ করতে হবে।
- কলেজ কর্তৃক প্রণীত উচ্চ মাধ্যমিক শ্রেণির পাঠ পরিকল্পনার প্রসপেকটাস অত্র কলেজের **পাঠ পরিকল্পনা, উন্নয়ন ও নিবিড় পরিচর্যা কমিটির অফিস** থেকে নির্ধারিত সময়সূচি অনুযায়ী সংগ্রহ করতে হবে।
- শীতকালে সকল শিক্ষার্থীর জন্য নেভী ব্লু ফুলহাতা সোয়েটার বাধ্যতামূলক।
- শার্ট, কামিজ ও বোরকাতে কলেজ থেকে সংগ্রহীত মনোগ্রাম সংবলিত ব্যাজ ও সোল্ডার ব্যাজ লাগানো বাধ্যতামূলক। মনোগ্রাম সংবলিত ব্যাজ শার্টের পকেটে এবং কামিজ/ বোরকার বাম হাতায় লাগাতে হবে।
- কলেজের http://bbagc.eshiksabd.com ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত ভর্তি ফরম ও অঙ্গীকারনামার নির্ধারিত স্থানে স্বাক্ষর পূর্বক নিজের কাছে সংরক্ষণ করতে হবে।
- ভর্তি সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া অন-লাইনে সম্পাদিত হওয়ায় কোন শিক্ষার্থীকে ভর্তি সংক্রান্ত কাজে কলেজ ক্যাম্পাসে আসতে হবে না।
- উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের পর্যবেক্ষনের জন্য পাঠ পরিকল্পনা, উন্নয়ন ও নিবিড় পরিচর্যা কমিটির কার্যক্রম বিদ্যমান আছে।
- ভর্তি পরবর্তী নোটিশ, একাদশ শ্রেণির ক্লাস রুটিন ও অন্যান্য যেকোন তথ্য ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের ওয়েবসাইট **https://bbagc.edu.bd**-এ যথাসময়ে পাওয়া যাবে।

**কোন শিক্ষার্থী নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে তার ভর্তি মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।**

**ক্লাস শুরু : ২৪/০৯/২০২৫ তারিখ (বৃহস্পতিবার) সকাল ০৯:০০ টা**

ভর্তি সংক্রান্ত জরুরি প্রয়োজনে নিম্নোক্ত শিক্ষক-কর্মকর্তার সাথে যোগাযোগ করার জন্য বলা হলো :

| ক্রমিক | শিক্ষক-কর্মকর্তাদের নাম | পদবী | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১ | জনাব প্রফেসর বদরুন নেসা | অধ্যাপক, পদার্থবিদ্যা | ০১৭১৫-১২৯৮৯৯ |
| ০২ | জনাব সৈয়দা কানিজ ফাতেমা | সহযোগী অধ্যাপক, বাংলা | ০১৭১৫৩৬৬৬৬৮ |
| ০৩ | জনাব আবু সাইদ | সহকারী অধ্যাপক, উদ্ভিদবিদ্যা | ০১৭৪০-৭১৯৯০৯ |
| ০৪ | জনাব জহুরা খাতুন | সহকারী অধ্যাপক, দর্শন | ০১৯৫৭৬৯৬৮৮৫ |
| ০৫ | জনাব অনন্যা দাস | সহকারী অধ্যাপক, গণিত | ০১৭১৪-৭৪৬১৯৮ |
| ০৬ | জনাব মো. মমিন উদ্দিন | প্রভাষক, ব্যবস্থাপনা | ০১৯১৮-১৫৬৯৭০ |
| ০৭ | জনাব রিয়াজ মোর্শেদ সেরনিয়াবাত | প্রভাষক, হিসাববিজ্ঞান | ০১৮২৭-০০৭৯১৫ |

17.9.26

অধ্যক্ষ

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ

গাজীপুর